



• শ্রেণিঃ দ্বিতীয়

বার্ষিক

বিষয়ঃ বাংলা (খামার বাড়ির পশুপাখি)

লেকচার শীট - ২

তারিখঃ ০৫/১০/২০২০

- শিক্ষার্থীরা ‘খামার বাড়ির পশুপাখি’ গল্পটির ২য় অংশ (পাশেই পরান – আয় করেন) পড়বে ও বুঝবে।
- শিক্ষার্থীরা মূলশব্দ লিখবে।
মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ
ছাগলছানা – ছাগলের বাচ্চা
লালচে – লাল রং ঘেঁষা
লালঝুঁটি- মোরগের মাথার লাল রঙের ঝুঁটির মত অংশ।
দানা- বিচি, বীজ, ছোলা, মটর বা গম।
বেচে- বিক্রি করে
আয়- উপার্জন
- মূলশব্দ দিয়ে ছোট ছোট প্রশ্ন করা হবে ও শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে উত্তর দিবে।
মূলশব্দ দিয়ে প্রশ্নঃ
 - ১। কার ছাগলের খামার আছে? উত্তরঃ পরান বাবুর ছাগলের খামার আছে।
 - ২। পরান বাবুর খামারে কী আছে? উত্তরঃ পরান বাবুর খামারে অনেক ছাগল ও ছাগলছানা আছে।
 - ৩। পরান বাবুর খামারের ছাগলগুলোর রঙ কী? উত্তরঃ পরান বাবুর খামারের ছাগলগুলো কোনটা সাদা, কোনটা কালো, কোনটা লালচে।
 - ৪। ছাগলগুলো মাঠে কী করে? উত্তরঃ ছাগলগুলো মাঠে চরে।
 - ৫। ছাগলগুলো কী খায়? উত্তরঃ ছাগলগুলো ঘাস ও লতাপাতা খায়।

- ৬। মাঠে ছাগলছানাগুলো কী করে? উত্তরঃ মাঠে ছাগলছানাগুলো লাফালাফি করে।
- ৭। কার মুরগির খামার আছে? উত্তরঃ মতিবিবির মুরগির খামার আছে।
- ৮। মতিবিবির খামারে কী আছে? উত্তরঃ মতিবিবির খামারে অনেক মোরগ ও মুরগি আছে।
- ৯। সকাল বেলা কিসের ডাকে সবার ঘুম ভাঙে? উত্তরঃ সকাল বেলা মোরগের ডাকে সবার ঘুম ভাঙে।
- ১০। লালঝুঁটি মোরগ দেখতে কেমন? উত্তরঃ লালঝুঁটি মোরগ দেখতে খুব সুন্দর।
- ১১। মোরগ ও মুরগিগুলো কী খায়? উত্তরঃ মোরগ ও মুরগিগুলো দানা খায়।
- ১২। মতিবিবি কিভাবে টাকা আয় করেন? উত্তরঃ মতিবিবি মুরগির ডিম বেচে টাকা আয় করেন।

- শিক্ষার্থীরা গল্প থেকে যুক্তবর্ণ খুঁজে বের করবে ও দুইটি করে শব্দ তৈরি করার চেষ্টা করবে।

যুক্তবর্ণঃ

ক্ক - ক + ক = আক্কেল, টেক্কা।

ন্দ - ন + দ = সুন্দর, মন্দ।

- শিক্ষার্থী নিজের ভাষায় গল্পটি সম্পূর্ণ বলবে।

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী